



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং-৫৬/২০১৭খ্রি.

তারিখ : ২০ আগস্ট ২০১৭খ্রি.।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্মচারী পরিষদের (রেজিঃ নং চট্ট-২৫৩৯) কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠানের জন্য চবক কর্মচারী/ভোটার, প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নিয়মনীতি অনুসরণ করতে হবে :

১. আগামী ২৪-০৮-২০১৭খ্রি. তারিখ বৃহস্পতিবার চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্র এবং ঢাকাস্থ চবকের আইসিডি (কমলাপুর, ঢাকা) কেন্দ্রে একযোগে চট্টগ্রাম বন্দর কর্মচারী পরিষদ এর কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে ;
২. নির্বাচনের দিন সকাল ৯ ঘটিকায় ভোট গ্রহণ শুরু হয়ে মধ্যাহ্ন ১ ঘটিকা হতে ২ ঘটিকা পর্যন্ত ০১ (এক) ঘন্টা বিরতিসহ বিকাল ৪ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ অব্যাহত থাকবে। তবে ভোট গ্রহণের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে ভোট প্রদানের উদ্দেশ্যে যারা বেস্টনীর মধ্যে প্রবেশ করবেন তাদের ভোট নির্দিষ্ট সময়ের পরও গ্রহণ করা হবে। ভোট গ্রহণ পর্ব শেষে প্রার্থীদের মনোনীত এজেন্টদের উপস্থিতিতে ভোট গণনা করা হবে এবং প্রাপ্ত ভোটের ভিত্তিতে ফলাফল ঘোষণা করা হবে ;
৩. ভোটার, নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ব্যতিত অন্য কেউ ভোট কেন্দ্রের চৌহদ্দির মধ্যে প্রবেশ করতে পারবেন না। ভোটারগণ ভোট কেন্দ্রের প্রধান ফটকে/আউট গেইটে নিজ ভোটার নম্বর, চবক এর আইডি কার্ড (এক কপি ফটোকপি সহ) প্রদর্শন করে ভোট কেন্দ্রে প্রবেশ করবেন ;
৪. ভোট গ্রহণের সময় ভোটারগণ সারিবদ্ধভাবে শৃঙ্খলার সাথে একজন করে কেন্দ্রের পোলিং বুথে প্রবেশ করবেন। ভোটারগণ ভোট প্রদানের সময় পোলিং অফিসারের নিকট চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচয়পত্র (এক কপি ফটোকপি সহ) পেশ করবেন। পোলিং অফিসার ভোটারের পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে ছবি সম্বলিত পরিচয় পত্রের ফটোকপির উপর “ব্যালোট পেপার ইস্যুড” সীল দিয়ে তাঁর নিকট রেখে দেবেন। অতঃপর প্রিসাইডিং অফিসার সংশ্লিষ্ট ভোটারকে একখানা ব্যালোট পেপার প্রদান করবেন। একজন ভোটার ২৫ (পঁচিশ) টি পদে নির্বাচনের জন্য ভোট প্রদান করবেন। ভোট প্রদান কালে কোন ভোটার মোবাইল ফোন নিয়ে গোপন কক্ষে প্রবেশ করতে পারবেন না ;
৫. ভোট প্রদান শেষে কর্মচারীগণ স্ব-স্ব কর্মস্থলে হাজির হবেন ;
৬. নির্বাচনের দিন প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ ভোটার তালিকার মধ্য হতে প্রতি ভোট কেন্দ্রে ০১ (এক) জন করে অথবা যৌথভাবে ০১ (এক) জন কে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। নির্বাচনের দিন ভোট গ্রহণ শুরু হওয়ার ০১ (এক) ঘন্টা পূর্বে কেন্দ্রের প্রিজাইডিং অফিসারের নিকট নির্ধারিত ফরমে পোলিং এজেন্টদের নিয়োগপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে এজেন্টের নিয়োগ পত্র কোন প্রার্থী কর্তৃক দাখিল করা না হলে কিংবা নিয়োজিত পোলিং এজেন্ট পোলিং বুথে উপস্থিত না থাকলেও ভোট গ্রহণ কার্যক্রম যথারীতি চলবে ;
৭. নির্বাচনের দিন বন্দর ভবনস্থ কাস্টমস্ মোড় থেকে শহীদ প্রকৌশলী সামসুজ্জামান স্টেডিয়াম (বন্দর স্টেডিয়াম) পর্যন্ত সড়কে মোটর-সাইকেল চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে এবং অন্যান্য যানবাহন চলাচল সীমিত থাকবে ;
৮. প্রার্থীদের অনুকূলে প্রতীক বরাদ্দের পর নির্বাচনী প্রচারণা শুরু করা যাবে। নির্বাচনী প্রচারণায় শুধুমাত্র সাদাকালো পোষ্টার ও ৬ ফুট লম্বা ও ৩ ফুট প্রস্থের কাপড়ের ব্যানার ব্যবহার করা যাবে। এছাড়া অন্য কোন প্রকার ফেস্টুন, প্ল্যাকার্ড ও ডিজিটাল ব্যানার ইত্যাদি ব্যবহার করা যাবে না। এছাড়া নির্বাচন অনুষ্ঠানের ২৪ (চব্বিশ) ঘন্টা পূর্ব হতে সকল নির্বাচনী প্রচারণা বন্ধ থাকবে ;
৯. প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক নির্বাচনী এলাকার যত্রতত্র দেয়াল লিখন, পোস্টারিং করা যাবে না ;
১০. রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়নস্ কর্তৃক জারীকৃত নির্বাচন আচরণবিধি সংশ্লিষ্ট সকলে মেনে চলতে বাধ্য থাকবেন ;
১১. ভোট কেন্দ্র এলাকায় পর্যাপ্ত পুলিশ, আনসার ও নিরাপত্তা বাহিনীর সদস্য মোতায়েন থাকবে। শৃঙ্খলা ভঙ্গকারী এবং বে-আইনী কার্যকলাপের জন্য অভিযুক্ত ব্যক্তিকে আইন শৃঙ্খলা বাহিনীর নিকট সোপর্দ করা হবে ;
১২. সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের জন্য সকলের সহযোগিতা একান্ত কাম্য।

(সাদেক বেগম)

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ : ২০-০৮-২০১৭খ্রি.।